

সাঁতার শিখব
বাবা হার্দিকের সঙ্গে সুইমিংপুলে পুত্র অগস্ত্য। সোমবার মোতেরায় টিম হোটেলে।

টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালই আমার কাছে বিশ্বকাপ : ইশান্ত

আহমেদাবাদ, ২২ ফেব্রুয়ারি : কিংবদন্তি কপিল দেবের ১৩১ টেস্ট ম্যাচের রেকর্ড পার করা নিয়ে ভাবছেন না। তাঁর পাখির চোখ বুধবার থেকে শুরু হতে চলা দিন-রাতের টেস্ট। কেরিয়ারের সেঞ্চুরি টেস্টের আগে ইশান্ত শর্মার লক্ষ্যটা অন্যরকম।

লর্ডসে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়ানশিপের ফাইনাল খেলতে চান তিনি। কারণ, কোহলির সংসারের ইশু বিশ্বাস করেন, বিশ্ব টেস্ট চ্যাম্পিয়ানশিপের ফাইনালই তাঁর কাছে বিশ্বকাপ। 'হোম অফ ক্রিকেটে' বিশ্ব টেস্ট চ্যাম্পিয়ানশিপ জিততে পারলে সেটাই ইশান্তের কাছে বিশ্বকাপ জয়ের সমান হবে।

ফিটনেস টেস্টে পাশ করে মোতেরায় দলের সঙ্গে উমেশ যাদব। -টুইটার

মাঠে বল হাতে তাঁর মধ্যে আগ্রাসন কাজ করে সবসময়। কম কথার মানুষ ইশান্ত বাইরের দুনিয়ায় সম্পূর্ণ আলাদা। আড্ডা দিতে পছন্দ করেন। আবার ওঠাপড়ায় ভরা দীর্ঘ কেরিয়ার নিয়ে তাঁর কাছে কোনও প্রশ্ন করা হলে দার্শনিক হয়ে যান ভারতীয় ক্রিকেটের 'লম্বু'। বুধবার থেকে মোতেরার সর্দার বল্লভভাই প্যাটেল স্টেডিয়ামে শুরু হচ্ছে পিঙ্ক টেস্ট। তার আগে আজ সন্ধ্যায় শিশির সমস্যা বোঝার জন্য প্রায় তিন ঘণ্টা অনুশীলন করল ভারতীয় দল। ফিটনেস টেস্টে পাশ করে সিরিজের শেষ দুই টেস্টের দলে ঢুকে পড়লেন উমেশ যাদব। যদিও গোলাপি টেস্টে তাঁর প্রথম একাদশে থাকার সম্ভাবনা কম। ইশান্ত-জসপ্রীত বুমরাহ, দুই পেসারেই প্রথম একাদশ চূড়ান্ত করতে চাইছেন বিরাট কোহলি-রবি শাস্ত্রীরা।

১০০ টেস্ট খেলা যেকোনও ক্রিকেটারের কাছেই স্বপ্ন। ইশান্ত সেই স্বপ্নপূরণের দরজায়। বুধবার নিশ্চিতভাবেই তাঁর কেরিয়ারের 'সেরা' দিন হতে চলেছে। তার আগে আজ বিকেলে ভার্চুয়াল সাংবাদিক সম্মেলনে হাজির হয়েছিলেন লম্বু। কেরিয়ারের শততম টেস্ট নিয়ে তিনি বলেছেন, 'কপিল পাজির মতো ১৩১ টেস্ট খেলা নিয়ে ভাবছি না। ভাবনায় এখন শুধু বুধবার থেকে শুরু হতে চলা পিঙ্ক টেস্ট। যেখানে আমরা জিততে চাই।' মোতেরায় গোলাপি টেস্ট পরবর্তী পর্বে নিজের লক্ষ্য নিয়ে ভারতীয় পেসার বলেন, 'বর্তমানে আমি ক্রিকেটের একটা ফরম্যাটেই খেলি। তাই চলতি সিরিজ আমার জন্য খুব গুরুত্বপূর্ণ। আমরা জিততে পারলে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়ানশিপের ফাইনালে ওঠার সুযোগ পাব। আর লর্ডসে জিততে পারলে আমার জন্য বিশ্বকাপ জেতার মতোই অনুভূতি হবে।' ২০১৬ সালে শেষ ওয়ান ডে খেলেছেন। আর শেষ আন্তর্জাতিক টি২০ ম্যাচ ২০১৩ সালে। সাদা বলের ক্রিকেটে জাতীয় দলে নিয়মিত না হলেও তিনি এখনও স্বপ্ন দেখেন প্রত্যাবর্তনের। আত্মবিশ্বাসী ইশান্তের কথায়, 'একজন পেশাদার ক্রিকেটার হিসেবে ক্রিকেটের তিন ফর্মাটেই খেলতে চাই। খেলা ছাড়া এখনও কিছুই ভাবতে পারি না। যদিও কোনও কিছু আমার নিয়ন্ত্রণে নেই। তাই বেশি ভাবতে চাই না।'

বছর কয়েক আগে চোটআঘাতের কারণে ক্রিকেট ছেড়ে দেবার কথা ভেবেছিলেন। ফিট হয়ে ইংল্যান্ডে সাসেক্সের হয়ে কাউন্টি খেলতে যান ইশান্ত। সেখানেই তাঁর সঙ্গে পরিচয় হয় প্রাক্তন অজি পেসার জেসন গিলেসপির। তাঁর পরামর্শ নয়া ইশান্তের পথ চলা শুরু। ভারতীয় পেসারের কথায়, 'কেরিয়ারে বিভিন্ন সময়ে অনেকের থেকেই পরামর্শ পেয়েছি। জাহিরভাই প্রচুর সাহায্য করেছে। গিসসপির থেকেও পরামর্শ পেয়েছি। ২০০৭ সালে যখন আন্তর্জাতিক ক্রিকেটে এসেছিলাম, তখন আমার কাছে সবই ছিল নতুন। সময়ের সঙ্গে নিজেরও অভিজ্ঞতা বেড়েছে। এখন আমি জানি, কীভাবে নিজেকে ফিট রেখে সামনে এগোতে হবে। শেষ টেস্টে যে ইনটেন্ট নিয়ে নেমেছিলাম, সেঞ্চুরি টেস্টেও সেভাবেই মাঠে নামতে চাই।'

মোতেরার মাটিতে

ম্যাচ-১২ | ভারত জয়ী-৪ | হার-২ | ড্র-৬

সর্বাধিক রান
৭৭১
রাহুল দ্রাবিড়

সর্বাধিক উইকেট
৩৬
অনিল কুম্বলে

সর্বোচ্চ স্কোর ঃ ৭৬০/৭, শ্রীলঙ্কা ভারতের বিরুদ্ধে
সর্বনিম্ন স্কোর ঃ ৭৬, ভারত দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে
সর্বোচ্চ ব্যক্তিগত স্কোর ঃ ২৭৫, মাহেলা জয়বর্ধনে
সেরা বোলিং ঃ ৯/৮৩ কপিল দেব

হেড টু হেড ১২২

ভারত জয়ী-২৬ | ইংল্যান্ড জয়ী-৪৭ | ড্র-৪৯

গোলাপি বলে দুই দল

ভারত ঃ ম্যাচ-২ | জয়-১ | হার-১
ইংল্যান্ড ঃ ম্যাচ-৩ | জয়-১ | হার-২

মোতেরায় ভারত-ইংল্যান্ড

ম্যাচ-২ | ভারত-১ | ড্র-১

তথ্যতালাশ

২০০১
(ম্যাচ ড্র)
মোতেরায় প্রথমবার দুই দল মুখোমুখি হয়েছিল টেস্ট আঙিনায়। ইংল্যান্ড ৪০৭ ও ২৫৭ করে। ভারত ২৯১ ও ১৯১/৩। প্রথম ইনিংসে অনিল কুম্বলে সাত উইকেট নেন ও শচীন তেন্ডুলকার সেঞ্চুরি করেন।

২০১২
(ভারত জয়ী)
চেতেশ্বর পূজারা দ্বিশতরানে ভারত করে ৫২১/৮। ইংল্যান্ড ১৯১ ও ৪০৬। ৭৭ করে ম্যাচ জেতে ভারত।

অতি ভক্তি। রবিবার মেলবোর্নে অন্তঃসত্ত্বা ভক্তের পেটে অটোগ্রাফ চ্যাম্পিয়ন নোভাক জকোভিচের। -এএফপি

দুই নম্বরে ওসাকা, সাতে উঠলেন সেরেনা

প্যারিস, ২২ ফেব্রুয়ারি : কেরিয়ারের চতুর্থ গ্র্যান্ড স্ল্যাম জিতে মহিলাদের র‍্যাংকিংয়ে দ্বিতীয় স্থানে উঠে এলেন মহিলা টেনিসের নতুন সেনসেশন নাওমি ওসাকা। শনিবার জেনিফার ব্র্যাডিকে স্ট্রেট সেটে উড়িয়ে অস্ট্রেলিয়ান ওপেনের ট্রফিতে দ্বিতীয়বার নিজের নাম লেখেন তিনি। আর সোমবার ডব্লিউটিএ-র প্রকাশিত ক্রমতালিকায় রোমানিয়ার সিমোনা হালেপকে সরিয়ে দ্বিতীয় স্থানে উঠে এসেছেন ২৩ বছরের ওসাকা। অস্ট্রেলিয়ান ওপেনে কোয়ার্টার ফাইনালে সেরেনা উইলিয়ামসের কাছে হারের জেরে তিন নম্বরে নেমে গিয়েছেন হালেপ। ওসাকার কাছে সেমিফাইনালে হারলেও চার ধাপ উঠে সপ্তম স্থানে রয়েছেন সেরেনা। কেরিয়ারের প্রথম গ্র্যান্ড স্ল্যাম ফাইনালে পৌঁছানো ব্র্যাডি ১৩ নম্বরে উঠে এসেছেন। শীর্ষে সেই অ্যাশলি বার্টি।

তবে সবচেয়ে বড় লাফ দিয়েছেন কেরিয়ারের অভিষেক গ্র্যান্ড স্ল্যামে সেমিফাইনালে পৌঁছানো রাশিয়ার আসলান কারাতসেভ। অস্ট্রেলিয়ান ওপেন শুরুর আগে তাঁর র‍্যাংক ছিল ১১৪। কিন্তু ওপেন এরায় অভিষেক গ্র্যান্ড স্ল্যামে প্রথম খেলোয়াড় হিসেবে শেষ চারের টিকিট নিশ্চিত করার পুরস্কারস্বরূপ ৭২ ধাপ উঠে এসেছেন কারাতসেভ। নতুন প্রকাশিত র‍্যাংকিংয়ে ৪২ নম্বরে রয়েছেন তিনি। র‍্যাংকিংয়ে একধাপ উন্নতি হয়েছে অস্ট্রেলিয়ান ওপেনের ফাইনালে হেরে যাওয়া আরেক রাশিয়ান ড্যানিল মেদভেদেভের। তিনি ৩ নম্বরে উঠে এসেছেন। প্রত্যাশামতোই শীর্ষস্থান ধরে রেখেছেন নবমবার অস্ট্রেলিয়ান ওপেন জেতা নোভাক জকোভিচ। মেলবোর্ন পার্কে কোয়ার্টার ফাইনালে হারলেও দ্বিতীয় স্থান ধরে রেখেছেন রাফায়েল নাদাল।

দল পাওয়া নিয়ে চিন্তা ভারতীয়দের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২২ ফেব্রুয়ারি : ডার্বির তিতকুটে হারের রেশ কাটিয়ে জয়ে ফেরাই একমাত্র লক্ষ্য এসসি ইস্টবেঙ্গলের।

এমনটা অবশ্যই কোটি কোটি সমর্থকদের ভাবনা। কিন্তু দলের কোচ-ফুটবলাররা সারা মরশুম ধরে কী ভাবনাচিন্তা নিয়ে মাঠে খেলে গেলেন, তার হদিশ অবশ্যও এখনও সেভাবে পাওয়া সম্ভব হয়নি। ধারাবাহিকতা শব্দটার সঙ্গে কোনওরকম যোগাযোগ এই মরশুমে ছিল না লাল-হলুদ জার্সিধারীদের। গত এক মাসে ৬ ম্যাচে মাত্র পাঁচ গোল করা একটা দলকে নিয়ে আর যাই হোক না কেন, স্বপ্ন দেখা যায় না। প্লে-অফে যাওয়ার যাবতীয় সম্ভাবনা জলাঞ্জলি দিয়ে এখন সম্ভবত তাঁদের কাছে একটাই লক্ষ্য থাকবে, আগামী মরশুমে দল পাওয়া। বিশেষ করে ভারতীয় ফুটবলারদের ক্ষেত্রে। এসসি ইস্টবেঙ্গলে থেকে যেতে পারলে ভালো, নাহলে অন্তত অন্য দলে সুযোগ পাওয়া। টনি গ্রান্টও প্রায় একই কথা বলে গেলেন সাংবাদিক সম্মেলনে এসে, 'ক্লাবের হয়ে যখন খেলতে নামছো, তখন তোমাকে সবসময়ই একইরকমভাবে তৈরি থাকতে হবে। তাছাড়া নিজেদের প্রমান করার এটাই শেষ সুযোগ।'

সেখানে নর্থ ইস্ট ইউনাইটেড এফসি-র সামনে প্লে-অফের হাতছানি। শেষ দুটো ম্যাচই জিততে হবে তাদের। তাছাড়া খালিদ জামিলও চাইবেন, তাঁর পুরনো ক্লাবের বিরুদ্ধে নিজেকে আবারও একবার প্রমাণ করতে। তবে তিনি নিজেকে আড়ালে রাখতেই পছন্দ করেন। তাই এদিনও এগিয়ে দেন সহকারী অ্যালিসন খারসিনটিউকে। নর্থ ইস্ট সহকারী কোচের বক্তব্য, 'এখনই প্লে-অফ বা অন্য কিছু নয়, মঙ্গলবারের ম্যাচ জেতাই একমাত্র লক্ষ্য আমাদের। আমাদের শুধু ভালো খেললেই হবে, প্রতিটি বিভাগে নিজেদের সেরাটা দিতে হবে। সুযোগ তৈরি করতে হবে যেমন তেমনি সেগুলোকে কাজেও লাগাতে হবে। যেভাবেই হোক না কেন, তিন পয়েন্ট চাই।' তাঁর দলের গুরুত্বপূর্ণ ফুটবলার ফ্রেডরিকো গালেগোর চোট রয়েছে। তবে খেলতে পারবেন কিনা তা স্পষ্ট নয়। তবে কোনও কার্ড সমস্যা নেই।

সেখানে এসসি ইস্টবেঙ্গল দলের অন্যতম গুরুত্বপূর্ণ দুই ফুটবলার ড্যানি ফক্স ও জাঁক মাঘোমাকে পাচ্ছে না কার্ড সমস্যার জন্য। সবমিলিয়ে ডার্বির পর এই ম্যাচেও নিজেদের নড়বড়ে অবস্থান থেকে একটুও না সরে খেলতে নামছে এসসি ইস্টবেঙ্গল। সেখানে হাইল্যান্ডারদের লক্ষ্য অনেক উঁচুতে।

লাজিওকে হালকাভাবে নিচ্ছে না বায়ার্ন মিউনিখ

মাদ্রিদ, ২২ ফেব্রুয়ারি : চ্যাম্পিয়ন্স লিগের প্রি-কোয়ার্টার ফাইনালের প্রথম ম্যাচ ডে-তে গত সপ্তাহে লিওনেল মেসি ও ক্রিশ্চিয়ানো রোনাল্ডো ব্যর্থ হয়েছিলেন। রং ছড়িয়েছিলেন কিলিয়ান এমবাপে, আর্লিং ব্রাউট হাল্যান্ডরা। বিশ্ব ফুটবলের জায়ান্টরা গত সপ্তাহে খেলে ফেলেছেন। কিন্তু আকর্ষণ কমছে না চ্যাম্পিয়ন্স লিগের। কেননা রাত পেরোলেই অ্যাওয়ে ম্যাচে অ্যাটলেটিকো মাদ্রিদের মুখোমুখি হচ্ছে চেলসি। যেখানে চ্যাম্পিয়ন্স লিগে চেলসির কোচ হিসেবে অভিষেক হতে চলেছে টমাস টুচেলের।

প্যারিস সাঁ জাঁ-র প্রাক্তন ম্যানেজার টুচেল দায়িত্ব নেওয়ার পর ফর্মে ফিরেছে চেলসি। প্রিমিয়ার লিগে পাঁচ নম্বরে উঠে আসা সেটারই প্রমাণ। তবে অ্যাটলেটিকোর মতো স্প্যানিশ জায়ান্টের বিরুদ্ধে অ্যাওয়ে ম্যাচে জয় পেতে গেলে ব্লুজ ব্রিগেডকে যে সেরা ফুটবল খেলতে হবে সেটা বিলক্ষণ জানেন টুচেল। তবে এই ম্যাচে দলের অভিজ্ঞতম ডিফেন্ডার থিয়াগো সিলভার সার্ভিস মিস করবে। তবে মাঝমাঠের দুই তারকা ক্রিশ্চিয়ান পুলিসিচ ও কাই হাভার্টজের ফেরা টুচেলকে স্বস্তি দেবে।

লা লিগায় শীর্ষে থাকলেও গত দুই ম্যাচে জয় নেই অ্যাটলেটিকোর। যার মধ্যে গত ম্যাচে লেভান্তের বিরুদ্ধে হারও হজম করতে হয়েছে তাদের। ফলে ঘরের মাঠে অ্যাটলেটিকো যে ফেবারিট হিসেবে নামবে সেকথা বলা যাবে না। তবে ফুটবলপ্রেমীরা উপভোগ্য একটা ম্যাচের আশা করতেই পারেন।

এদিকে, মঙ্গলবার প্রি-কোয়ার্টার ফাইনালের অভিযান শুরু করছে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন বায়ার্ন মিউনিখ। তাদের প্রতিপক্ষ লাজিও। তবে ইতালির ক্লাবটিকে একেবাই হালকাভাবে নিতে রাজি নন বায়ার্নের কোচ হ্যান্সি ফ্লিক। কেননা বুন্দেশলিগয় গত দুই ম্যাচে জয় পায়নি বাভারিয়ান ক্লাবটি। শেষ ম্যাচে এইনট্রাখট ফ্রাঙ্কফুর্টের বিরুদ্ধে হারতে হয়েছে বায়ার্নকে। যার ফলে ফ্লিক বলেছেন, 'গত কয়েকদিনে আমাদের সঙ্গে কী হয়েছে তা জানি। লাজিওকে ছোট করে দেখার কোনও মানেই নেই। একটা দল হিসেবে খেলতে চাই আমরা।'

গোধূলি ফ্যাক্টরকে গুরুত্ব অ্যান্ডারসনের

পিচ বিতর্কে ভনের যুক্তি উড়িয়ে দিলেন স্টোকসও

আহমেবাদ, ২২ ফেব্রুয়ারি : মাঝে আর একটা দিন।

বুধবার সিরিজের তৃতীয় টেস্ট। গোলাপি বলে দিন-রাতের ডুয়েল। পারদ চড়ছে ১-১ টাই ভাঙার ম্যাচ ঘিরে। জোরকদমে চলছে প্রস্তুতিও। দ্বিতীয় টেস্টের জঘন্য হার ভুলে সামনের দিকে তাকাতে বদ্ধপরিকর ইংল্যান্ড। চিপকের পিচ বিতর্কে মাইকেল ভনরা বাজার গরম করলেও, ইংল্যান্ড শিবির কিন্তু ফোকাস গোলাপি টেস্টেই রাখছে।

গতকাল স্টুয়ার্ট ব্রড বলেছিলেন। আজ বেন স্টোকসও একই সুরে পিচ-বিতর্ক কার্যত উড়িয়ে দিলেন। ইংল্যান্ড অলরাউন্ডারের যুক্তি, 'পরিস্থিতি যেরকমই হোক না কেন, মানিয়ে নিতে হবে। টেস্ট ব্যাটসম্যানদের সাফল্যের শর্ত। ভারতে খেলার সময় সফরকারী ব্যাটসম্যানরা সবসময় সমস্যায় পড়ে। তেমন ইংল্যান্ডেও একই সমস্যা হয়। আমি এই পরিস্থিতি উপভোগ করি', বলে দিলেন স্টোকস।

দ্বিতীয় টেস্টে ন্যাড়া পিচ। প্রথম ঘণ্টা থেকে বল টার্ন করেছে। ইংল্যান্ড ব্যাটসম্যানরা যে চ্যালেঞ্জের মুখে ধরাশায়ী হওয়ার পর বিতর্কের আঁচ। স্টোকস যদিও বলছেন, 'পিচে ঘাস থাকলে হয়তো বেশি বোলিংয়ের সুযোগ মিলত গত ম্যাচে। তৃতীয় টেস্ট দিন-রাতের। রাতের দিকে সিমাররা সুবিধাও পায় গোলাপি বলে। ফলে বোলিংয়ের বেশি সুযোগ পাব। আশা করি, দলকে সাহায্য করতে পারব।' গোলাপি বলে ম্যাচ। তাই হয়তো কিছুটা ঘাস রাখতেও হবে। তবে বুধবার ম্যাচ শুরুর সময় পিচের হাল কী থাকবে, সন্দিহান স্টোকস। বলছিলেন, 'নতুন স্টেডিয়াম। দারুণ লেগেছে। আর পিচ কেমন হবে না জানলেও আমাদের হাতে দক্ষ বোলার রয়েছে।'

পিঙ্ক টেস্ট

বাড়তি সুইং দক্ষতার জন্য জেমস অ্যান্ডারসন গুরুত্বপূর্ণ ফ্যাক্টর পিঙ্ক টেস্টে। আত্মবিশ্বাসী অ্যান্ডারসন নিজের কলামে লিখেছেন, 'লালের থেকে গোলাপি বল সুইং বেশি করে। তবে ম্যাচ পরিস্থিতিতেই বোঝা যাবে বল কীরকম আচরণ করবে। তাছাড়া এখন পিচে ঘাস আছে। শেষপর্যন্ত তা থাকবে কিনা, আমি নিশ্চিত নই। অবশ্য গোলাপি বলে খেলার বাড়তি অভিজ্ঞতা আমাদের অ্যাডভান্টেজ। ভারত সেখানে সবে দ্বিতীয় দিন-রাতের টেস্ট খেলবে।'

পুরোনো স্টেডিয়াম ভেঙে নতুনভাবে তৈরি করা হয়েছে। প্রথমবার আন্তর্জাতিক ম্যাচ হতে চলেছে। ফলে পিচ নিয়ে জল্পনা-কল্পনা তুঙ্গে। যে প্রসঙ্গে অ্যান্ডারসনের সংযোজন- 'পিচ চরিত্র নিয়ে নিশ্চিত না হলেও নিজেদের নিয়ে আমরা আশাবাদী। গোধূলি আলোয় খেলাটা সমস্যার। গতকাল তা টেরও পেয়েছি। পূর্ব অভিজ্ঞতা থেকে বলতে পারি, সূর্যাস্তের পর কৃত্রিম আলোয় মানিয়ে নিতে কিছুটা সময় লাগে।'

ইংল্যান্ড টিমে রোটেশন পলিসিকেও সমর্থন জানালেন জিমি। সিরিজের প্রথম টেস্টে যেমন ম্যাচ জেতানো পারফরমেন্সের পর বিশ্রাম দেওয়া হয় তাঁকে। রোটেশন করা হয়েছে জস বাটলার, জনি বেয়ারস্টোর মধ্যেও। অ্যান্ডারসনের যুক্তি, 'শারীরিকভাবে কতটা ফিট হয়ে মাঠে নামছি, তা নিশ্চিত করতে চাইছে ইংল্যান্ড ক্রিকেট বোর্ড। গত ম্যাচে বিশ্রামে থাকার ফলে আসন্ন টেস্টে আমি যেমন অনেক বেশি তরতাজা হয়ে নামতে পারব।'

আজ বাংলা বনাম চণ্ডীগড়

মনন ভোরার ফর্ম ভাবাচ্ছে অনুষ্টুপদের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২২ ফেব্রুয়ারি : অনায়াস জয় দিয়ে শুরু হয়েছে। এবার এগিয়ে চলার পালা। চরৈবেতির লক্ষ্যে বিজয় হাজারে ট্রফির গ্রুপ পর্বের দ্বিতীয় ম্যাচে কাল চণ্ডীগড়ের মুখোমুখি হচ্ছে টিম বাংলা। অনুষ্টুপ মজুমদারদের মতো প্রথম ম্যাচে চণ্ডীগড়ও জয় পেয়েছে। শক্তিশালী হরিয়ানাকে তিন উইকেটে হারিয়েছে চণ্ডীগড়। ব্যাট হাতে স্বপ্নের ফর্মে রয়েছেন অধিনায়ক মনন ভোরা। যুযবেন্দ্র চাহাল, মোহিত শর্মাদের বিরুদ্ধে তাঁর ১১৭ রানের ইনিংস ভাবাচ্ছে বাংলা টিম ম্যানেজমেন্টকে। কোচ অরুণ লালের কথায়, 'চণ্ডীগড় ভালো দল। অনেক ভালো ক্রিকেটার রয়েছে ওদের। আমাদের সতর্ক থাকতে হবে।'

প্রথম ম্যাচের মতো আগামীকাল দ্বিতীয় ম্যাচেও ইডেন গার্ডেন্সে বাইশ গজে বড় রানের সম্ভাবনা রয়েছে। বাংলার প্রথম একাদশে বদলের সম্ভাবনা কম। দলের পেস ত্রয়ী ঈশান পোড়েল-আকাশ দীপ-মুকেশ কুমাররা গতকালের প্রথম ম্যাচে উইকেট পেলেও বল হাতে নিজেদের সেরাটা দিতে পারেননি। আগামীকাল মনন, একে কৌশিকদের বিরুদ্ধে বাংলার পেসারদের আরও বেশি দায়িত্ব নিতে হবে। বঙ্গ অধিনায়ক অনুষ্টুপ চণ্ডীগড় ম্যাচ নিয়ে বলেন, 'কালও বড় রানের ম্যাচের সম্ভাবনা প্রবল। চণ্ডীগড় প্রথম ম্যাচে দারুণ খেলার পাশে ৩০০ রান তাড়া করে জিতেছে। এমন দলের বিরুদ্ধে আমাদের সতর্ক থাকার পাশে সেরা ক্রিকেটটা খেলতে হবে।' সকাল ৮.৪৫ খেলা শুরু ইডেনে। ওই সময় উইকেটে ভালোরকম আর্দ্রতা থাকায় পেসাররা সাহায্য পান। বাংলা অধিনায়ক অনুষ্টুপের কথায়, 'টসে জিতলে শুরুতে বোলিং করার পরিকল্পনা রয়েছে। সকালের দিকে উইকেটের আর্দ্রতা বোলারদের সাহায্য করবে।'

তারকা মহিলা ক্রিকেটার মিতালি রাজের বায়োপিকে অভিনয় করছেন তাপসী পান্নু। সিনেমার নাম 'শাবাশ মিথু'। বড় পর্দায় তারকা ক্রিকেটারকে ঠিকভাবে ফুটিয়ে তুলতে মিতালির বন্ধু এবং ভারতের প্রাক্তন মহিলা ক্রিকেটার নুশিন আল খাদিরের তত্ত্বাবধানে প্রশিক্ষণ নিচ্ছেন এই বলিউড অভিনেত্রী। তাপসী প্রসঙ্গে নুশিনের মন্তব্য, 'মিতালির সঙ্গে অনেক মিল রয়েছে তাপসীর। দুজনেই খুব কর্মঠ। তাপসীর শেখার আগ্রহ অনেক। মিতালির চরিত্রে নিজেকে ফুটিয়ে তুলতে খুব কষ্ট করছে ও।'

স্ত্রী-সন্তানের সঙ্গে ছবি পোস্ট করে সোমবার নটরাজন লিখলেন, তোমরাই আমার পৃথিবী।

বিরাট-অনুষ্কার বাড়িতে পরিচারক নেই : শরণদীপ

আহমেদাবাদ, ২২ ফেব্রুয়ারি : তাঁরা ভারতের পাওয়ার কাপলদের মধ্যে অন্যতম। স্বামী বর্তমান বিশ্বের শ্রেষ্ঠ ক্রিকেটার, স্ত্রী প্রথমসারির অভিনেত্রী। যদিও ব্যক্তিগত জীবনে দুজনেই সাদামাঠাভাবে থাকেন। বিরাট কোহলি ও অনুষ্কা শর্মার সংসার নিয়ে এমনটাই জানিয়েছেন প্রাক্তন ক্রিকেটার ও জাতীয় নির্বাচক শরণদীপ সিং।

পেশীশক্তি বাড়াচ্ছেন বিরাট কোহলি।

এক সাক্ষাৎকারে শরণদীপ বলেছেন, 'ওদের মুম্বইয়ের বাড়িতে কোনও পরিচারক নেই। স্বামী-স্ত্রী একসঙ্গে অতিথিদের আপ্যায়ন করে। এমনকি খাবার পরিবেশনও করে। বিরাট সকলের সঙ্গে কথা বলে, সময় কাটায়। ফলে অন্যরাও ওকে সম্মান করে।' বিভিন্ন টিম মিটিংয়ে বিরাটকে দেখার অভিজ্ঞতা নিয়ে তাঁর বক্তব্য, 'এক ঘণ্টা, দেড় ঘণ্টা ধরে বৈঠক চলত। বিরাট বেশিরভাগ সময়ই চুপচাপ শুনত। ও খুব ভালো শ্রোতা। এমনকি যেটুকু কথা বলত তাও বেশ মৃদুভাবে।'

মাঠের ভেতর ও বাইরে বিরাট সম্পূর্ণ আলাদা বলে জানিয়েছেন শরণদীপ। তাঁর কথায়, 'মাঠে বিরাট সব সময় উত্তেজিত থাকে, সেটা ব্যাটিং হোক বা ফিল্ডিং। সে সময় ওকে দেখলে মনে হয় উদ্ধত, কারও কথা শোনে না। কিন্তু আদতে ও একেবারেই তেমন নয়।' বিরাট দল নির্বাচনের বৈঠকে সবার কথা শুনে সিদ্ধান্ত নিত বলেও শরণদীপ জানিয়েছেন।

সানরাইজার্সকে হুমকি বিধায়কের

হায়দরাবাদ, ২২ ফেব্রুয়ারি : সানরাইজার্স হায়দরাবাদকে তাদের ঘরের মাঠে খেলতে না দেওয়ার হুমকি দিলেন তেলেঙ্গানা রাষ্ট্র সমিতির বিধায়ক দানম নাগেন্দর। স্থানীয় ক্রিকেটারদের দলে সুযোগ দেওয়া ইস্যুতে এই মন্তব্য করেছেন তিনি।

নাগেন্দরের কথায়, 'দলে নেওয়ার জন্য স্থানীয় একজন ক্রিকেটারকেও যোগ্য মনে করেনি সানরাইজার্স হায়দরাবাদ। অথচ আমাদের রনজি ট্রফি থেকে শুরু করে বিভিন্ন বয়সভিত্তিক দলে প্রচুর প্রতিভা রয়েছে। কিন্তু সেইসব ক্রিকেটার আইপিএলে খেলার সুযোগ পাচ্ছে না।' মহম্মদ সিরাজের কথা উল্লেখ করে তিনি বলেন, 'নিজের যোগ্যতায় সিরাজ জাতীয় দলে জায়গা করে নিয়েছে। অথচ তাঁকে অন্য ফ্র্যাঞ্চাইজির হয়ে খেলতে হয়। স্থানীয় ক্রিকেটারদের সুযোগ না দিলে ওদের হায়দরাবাদ নাম ব্যবহার করার অধিকার নেই।'

ছোট্ট করে

মহিলা বক্সারদের ৫ সোনা জয়

বুদ্বা (মন্টিনেগ্রো), ২২ ফেব্রুয়ারি : মন্টিনেগ্রোতে ভারতীয় মহিলা বক্সারদের দাপট অব্যাহত। সোমবার ৫১ কেজি বিভাগে বেবিরোজিসানা চানু ও ৬৯ কেজিতে অরুন্ধতী চৌধুরী সোনা জিতলেন। এর আগে রবিবার আলফিয়া, ভিনকা ও টি সনমতাও দেশকে সোনা এনে দিয়েছিলেন। শেষ পর্যন্ত পাঁচটি সোনা, তিনটি রুপো ও দুটি ব্রোঞ্জ নিয়ে ৩০তম অ্যাড্রিয়াটিক পিয়ার টুর্নামেন্ট শেষ করল ভারত।

হার অস্ট্রেলিয়ার

ক্রাইস্টচার্চ, ২২ ফেব্রুয়ারি : ৫৯ বলে অপরাজিত ৯৯। ক্রাইস্টচার্চে এদিন মাত্র ১ রানের জন্য আন্তর্জাতিক টি২০-তে প্রথম সেঞ্চুরি হাতছাড়া করলেন ডেভন কনওয়ে। যদিও তাঁর এই ঝোড়ো ব্যাটিংয়ে ভর করে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ৫৩ রানে জয় পেয়ে পাঁচ ম্যাচের সিরিজে ১-০ এগিয়ে গেল নিউজিল্যান্ড।

ক্রাইস্টচার্চে এদিন টস জিতে নিউজিল্যান্ডকে ব্যাটিংয়ে আমন্ত্রণ জানান অজি অধিনায়ক অ্যারন ফিঞ্চ। প্রথমে ব্যাট করতে নেমে কনওয়ের চওড়া ব্যাটে ভর করে নির্ধারিত ওভারে ৫ উইকেটে ১৮৪ রান তোলে ব্ল্যাক ক্যাপসরা। জবাবে ১৫ বল বাকি থাকতেই ১৩১ রানে গুটিয়ে যায় অস্ট্রেলিয়ার ইনিংস।

বার্সাকে খোঁচা

প্যারিস, ২২ ফেব্রুয়ারি : লিগ ওয়ানের ম্যাচে প্যারিস সাঁ জাঁকে হারিয়ে বার্সেলোনাকে খোঁচা এএস মোনাকোর। রবিবার রাতে অ্যাওয়ে ম্যাচে ০-২-এ জিতেছে তারা। তারপরই সোশ্যাল মিডিয়ায় তাদের পোস্ট, 'আমরা পিএসজি'কে দুই লেগেই হারিয়েছি। বার্সেলোনা, পরামর্শ দরকার হলে ইনবক্সে জানাও।' গত নভেম্বরে প্রথম পর্বের ম্যাচ ৩-২ গোলে জিতেছিল মোনাকো।

করোনার মাঝে জয় র‍্যাশফোর্ডদের

ম্যাঞ্চেস্টার, ২২ ফেব্রুয়ারি : ম্যাচের আগেই জানা যায়, করোনার জন্য কোয়ারান্টিনে যাচ্ছেন কোচিং দলের একাধিক সদস্য। যদিও তাতে ম্যাচ স্থগিত করা হয়নি। সেই সমস্যা এড়িয়েও ওল্ড ট্র্যাফোর্ডে নিউক্যাসল ইউনাইটেডকে ৩-১ গোলে হারাল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড।

এদিন সিনিয়ার দলের হয়ে অভিষেক হল ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের অ্যাকাডেমির সদস্য শোলা সোরেটায়ারের। এই তরুণ উইঙ্গারের অভিষেক প্রসঙ্গে র‍্যাশফোর্ড বলেন, 'আমরা সবসময় তরুণদের সুযোগ দিই। এটা আমাদের ডিএনএ-তে রয়েছে। শোলা দীর্ঘদিন ধরেই আমাদের (সিনিয়ার দল) সঙ্গে অনুশীলন করছে। সেখানে ভালো প্রদর্শনের জন্যই এদিন সুযোগ পেয়েছে।'